দৈনিক সংবাদ

তারিখ 04 JAN 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ৮ ...

## ভার্সিটি সিলেবাসে মওদুদীর বই

।। হাফিজুর রহমান কার্জন ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শেষ বর্ষে একজন বিতর্কিত ব্যক্তির বই সিলেবাসভুক্ত করা হয়েছে। বিতর্কিত ব্যক্তিটি হচ্ছেন মওলানা আবুল আলা মওদুদী।

এ ব্যাপারে দর্শন বিভাগ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে জানানো হয়, ১৯৮৯ সালের ৪ঠা জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের অনুমোদনের পর দর্শন বিভাগের শেষ বর্ষের "Contemporary Muslim Thought" শীর্ষক ৫১৩ নং কোর্সে মওদুদীর মতবাদকে সিলেবাসভুক্ত করা হয়। এজন্য সিলেবাস বইয়ে মওলানা মওদুদীর "Towards Understand in Islam" শীর্ষক বই পড়ার সুপারিশ করা হয়।

এ উপমহাদেশের বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও আলেমগণ যেখানে মওদুদীর ধ্যানধারণাকে বিকৃত বলে চিত্রায়িত করেছেন, যে মওদুদী-অনুসারী জামাতচক্র ১৯৭১ সালের ১৪ই ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের হত্যা করেছিল, সেই মওদুদীর বই কি করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি বিভাগে সিলেবাসভুক্ত করা হয়? ঢাকা বিশ্ববিদ্যালয়ের সচেতন ছাত্রদের মনে এপ্রশ্ন দেখা দিয়েছে।

মওদুদী : পৃঃ ৮ কঃ ২

## মওদুদী : বিশ্ববিদ্যালয়ের সিলেবাসের অন্তর্ভুক্ত

( ১ম পৃষ্ঠার পর )

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের চেয়ারম্যান ডঃ হাসনা বেগম বলেন, তাত্ত্বিক দিক থেকে বলতে গেলে মওদুদী কিভাবে ইসলামকে বিকৃত করেছেন তা জানার জন্যও মওদুদীর ধ্যানধারণার সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচিত হওয়া উচিত। এক্ষেত্রে শিক্ষকদের দায়িত্ব অনেক। কেননা যদি কারো মতবাদ বিকৃত হয় তবে তা ছাত্রছাত্রীদের কাছে পরিষ্কার করে বলা উচিত।

এ ব্যাপারে তিনি আরও বলেন, মওদুদীর বইকে সিলেবাসভুক্ত করা হলেও এখনো পর্যন্ত কোন কোর্সের ছাত্রছাত্রীদের পড়ানো হয়নি।